

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১০, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ২৭ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১০ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ।

নং ০৪ (মু: ও প্র:)-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৭ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১০ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ০৪, ২০২৫

International Crimes (Tribunals) Act, 1973 অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973) অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—

(৯২৫)

মূল্য : ৪.০০

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ International Crimes (Tribunals) (Amendment) Ordinance, 2025 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। Act No. XIX of 1973 এর section 4 এর সংশোধন।—International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section (2) এর—

(ক) clause (e) এ উল্লিখিত “Statute” শব্দটির পরিবর্তে “Act” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) clause (f) এর পরিবর্তে নিম্নরূপ clause (f) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(f) In respect of the war of aggression as crime against peace, the provisions of this section shall apply only to persons in a position effectively to exercise control over or to direct the political or military action of a state.”।

৩। Act No. XIX of 1973 এর section 8 এর সংশোধন।—উক্ত Act এর section 8 এর sub-section (3A) এ উল্লিখিত “,by order of a Tribunal,” কমাগুলি ও শব্দগুলি বিলুপ্ত হইবে।

৪। Act No. XIX of 1973 এর section 9 এর সংশোধন।—উক্ত Act এর section 9 এর sub-section (3) এ উল্লিখিত “six weeks” শব্দগুলির পরিবর্তে “three weeks” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। Act No. XIX of 1973 এর section 11 এর সংশোধন।—উক্ত Act এর section 11 এর sub-section (8) এর পর নিম্নরূপ নূতন sub-section (9) সন্নিবেশিত হইবে, যথা:—

“(9) A Tribunal may order freezing or confiscation of the accused's assets to prevent evasion or flight, realize compensation under section 20A and ensure justice.”।

৬। Act No. XIX of 1973 এর section 12 এর সংশোধন।—উক্ত Act এর section 12 এর sub-section (3) এ উল্লিখিত “Reports” শব্দটির পরিবর্তে “Complaints, reports” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

৭। **Act No. XIX of 1973 এর section 19 এর সংশোধন।**—উক্ত Act এর section 19 এর sub-section (4) এর পর নিম্নরূপ নূতন sub-section (5) সন্নিবেশিত হইবে, যথা:—

“(5) Notwithstanding anything contained in this section, the Tribunal shall not be bound by technical rules of evidence and may adopt and apply expeditious and non-technical procedures.”।

তারিখ: ২৭ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ড. হাফিজ আহমেদ চৌধুরী
সচিব।